□□□□□□□□□□ (□□□□)

□□□□ □□□ □□□□□□□ □□□□□□□ □□□□□□□□□ □□□□□□□ (□□□□ □□□□□□)

Job Category: Information Technology

Job Source: The Daily Star

Job Summary

Posted On: 19 Apr 2024

Application Deadline:31 May 2024

ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাড়ী নং-০৪, রোড নং-২১, সেক্টর নং-০৪
উত্তরা, ঢাকা-১২৩০
www.dhakabrt.gov.bd

স্মারক নং- ৩৫.০৬.০০০০.০০৭.১১.০০৩.২৪-২৯৮

তারিখ: ১৭ এপ্রিল, ২০২৪
০৪ বৈশাখ, ১৪৩১

নিয়োগ বিজ্ঞপ্তি

'ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি)' একটি শতভাগ সরকারি মালিকানাধীন কোম্পানী। এ কোম্পানীর বর্ণিত শূন্য পদসমূহের বিপরীতে উল্লিখিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশের নাগরিকগণের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম ও বেতন	পদ সংখ্যা	বয়স	কর্মপরিধি	যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	**ব্যবস্থাপক (আইটি)** কোম্পানী গ্রেড-০৪ মূল বেতন ৭৯,০০০/- এবং বিধি-মোতাবেক অন্যান্য ভাতাদি	০১	অনূর্ধ্ব ৪০ বৎসর	- বিআরটির এর সার্ভার সিস্টেম ও ওয়েবসাইট রক্ষণাবেক্ষণ; - ক্লিয়ারিং হাউজ ব্যবস্থাপনা; - ডাটা ব্যবস্থাপনা; - ইআরপি সিস্টেম ব্যবস্থাপনা; - কন্ট্রোল সেন্টার, ভিডিও ওয়াল ও ওয়ার্কস্টেশন ব্যবস্থাপনা; - বিআরটি বুট ও সিসিটিভি ক্যামেরা ব্যবস্থাপনা; - অন-বোর্ড এবং ইন-স্টেশন অটোমেটিক ভেহিকেল লোকেশন (এভিএল) সিস্টেম ব্যবস্থাপনা; - ইলেকট্রনিক টিকিট ও ভাড়া সংগ্রহ (ইএফসি) সিস্টেম ব্যবস্থাপনা; - যাত্রী তথ্য সিস্টেম সচল রাখা এবং যোগাযোগ ব্যবস্থাপনা; - সময়ে সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ৫.০ স্কেলে ৩.৫, ৪.০ স্কেলে ২.৫ সিজিপিএ বা সমমানের কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স/ সড়ক পরিবহন বিষয়ে কম্পিউটার প্রোগ্রামিং বিষয়ে স্নাতক ডিগ্রি; তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। অন্যূন ৮ বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা। সড়ক পরিবহন খাতে অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য।
২.	**ব্যক্তিগত কর্মকর্তা** কোম্পানী গ্রেড-০৫ মূল বেতন ২৫,০০০/- এবং বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি	০১	অনূর্ধ্ব ৩০ বৎসর	- সংশ্লিষ্ট কর্মকর্তার ডায়েরি ও টাইম সিডিউলিং এবং ডিকটেশন গ্রহণ; - মেইল ও নথি ব্যবস্থাপনা; - সভা, সেমিনার, এ্যাপয়েন্টমেন্ট, অভ্যর্থনা, উপস্থাপনা, ভ্রমণ ইত্যাদি ব্যবস্থাপনা; - নথি/চিঠিপত্র গ্রহণ, ডায়েরিভুক্তকরণ, গতিবিধি লিপিবদ্ধকরণ ও সংশ্লিষ্ট দপ্তর/শাখায় প্রেরণ; - সংশ্লিষ্ট কর্মকর্তার নির্দেশ অনুযায়ী টাইপ/ কম্পিউটার কম্পোজ করা; - টেলিফোন যোগাযোগ ব্যবস্থাপনা; - সময়ে সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রি আবশ্যক। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য।
৩.	**অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক** কোম্পানী গ্রেড-০৬ মূল বেতন - ২২,০০০/- এবং বিধি-মোতাবেক অন্যান্য ভাতাদি	০২	অনূর্ধ্ব ৩০ বৎসর	- চিঠি, মেমো, প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত কার্যক্রম ; - চিঠিপত্র আদান-প্রদান ও রক্ষণাবেক্ষণ; - ডেটা এন্ট্রি করা; - ডেটা পুনরুদ্ধার এবং ডেটা সুরক্ষা নিশ্চিত করা; - কম্পিউটার ও প্রিন্টার ব্যবস্থাপনা; এবং - সময়ে সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।	স্বীকৃত কোনো বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার চালনায় পারদর্শী। তবে, স্নাতক ডিগ্রিধারী অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য। প্রতি মিনিটে কমপক্ষে ইংরেজিতে ২০ টি শব্দ ও বাংলায় ২০ টি শব্দ টাইপের গতি থাকতে হবে।

অন্যান্য শর্তাবলি:

১. নিয়োগ বিজ্ঞপ্তি www.rthd.gov.bd, dtca.portal.gov.bd, rhd.portal.gov.bd, www.dhakabrt.gov.bd ও http://dbrt.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

২. প্রার্থীগণকে http://dbrt.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশপূর্বক Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পদ্ধতি উল্লিখিত ওয়েবসাইট হতে বিস্তারিত জানা যাবে। আগামী ২ মে, ২০২৪ সকাল ৯:০০ টা হতে ৩১ মে, ২০২৪ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে। পূরণকৃত আবেদনপত্র অবশ্যই ডাউনলোডের মাধ্যমে সংরক্ষণ করতে হবে। আবেদন ফরম পূরণের সর্বশেষ সময়ের পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে শুধু আবেদন ফি জমা প্রদান করা যাবে।

৩. ০১ এপ্রিল ২০২৪ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪. পরীক্ষার ফি প্রদান: নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ব্যবস্থাপক (আইটি) পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৬০০/- (ছয়শত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬৯/- টাকাসহ মোট ৬৬৯/- (ছয়শত উনসত্তর) টাকা (অফেরতযোগ্য), ব্যক্তিগত কর্মকর্তা পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৫৮/- টাকাসহ মোট ৫৫৮/- (পাঁচশত আটান্ন) টাকা (অফেরতযোগ্য) এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা প্রদান করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

৫. সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক আবেদন করতে হবে এবং সকল চাকুরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে।

৬. ঢাকা বিআরটি কোম্পানীর "কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯" অনুযায়ী বেতন-ভাতা, যৌথ বীমা, ভবিষ্য তহবিল, গ্র্যাচুইটি, পেনশন ইত্যাদিসহ অন্যান্য সুবিধা নির্ধারিত হবে। আয়করর সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আইন প্রযোজ্য হবে।

৭. ২নং এবং ৩নং পদের প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/ এইচএসসি বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ২.০০ থাকতে হবে।

৮. আবেদনকৃত প্রার্থীগণের মধ্যে হতে বাছাইকৃত ও যোগ্য প্রার্থীগণকে পরীক্ষার জন্য ডাকা হবে। ক্ষেত্রমতে, প্রার্থীগণের লিখিত পরীক্ষা/ পরীক্ষাসমূহের ফলাফল অনুযায়ী প্রস্তুতকৃত মেধাক্রমের ভিত্তিতে উপযুক্ত প্রার্থীগণকে মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার জন্য ডাকা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অগ্রগণ্য হবে।

৯. পদের পাশে উল্লিখিত প্রার্থীগণের সর্বোচ্চ বয়স মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী নির্ধারিত হবে।

১০. ও লেভেল এবং এ লেভেল এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সনদ, বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সনদ অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

১১. একজন প্রার্থী কেবলমাত্র ০১ টি পদের জন্য আবেদন করতে পারবেন।

১২. কোনো পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোনো টিএ / ডিএ প্রদান করা হবে না।

১৩. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে অবশ্যই যথোপযুক্ত নির্ধারিত চিকিৎসক / চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৪. মৌখিক পরীক্ষার সময় পরীক্ষার্থীগণকে অবশ্যই আবেদনে উল্লিখিত সকল সনদ, অভিজ্ঞতা, প্রশিক্ষণ ও জাতীয় পরিচয়পত্র (এনআইডি) এর মূল কপি প্রদর্শন এবং সকল কাগজপত্রের এক কপি সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

১৫. প্রযোজ্য ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

১৬. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭. তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান পূর্বক চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮. পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য আবেদনকারী কর্তৃক প্রদত্ত মোবাইল ফোন নম্বরে এসএমএস এর মাধ্যমে প্রদান করা হবে। এছাড়া টেলিটক এর ওয়েবসাইট http://.dbrt.teletalk.com.bd এবং ঢাকা বিআরটি এর ওয়েবসাইট www.dhakabrt.gov.bd এ অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

১৯. কর্তৃপক্ষ প্রয়োজনে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ সংশোধন/বাতিল/স্থগিত করতে পারবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোনো বিষয় বা অংশের অধিকতর ব্যাখ্যার প্রয়োজন হলে নিয়োগকারী কর্তৃপক্ষের ব্যাখ্যা প্রাধান্য পাবে।

ঢাকা বিআরটি এর ওয়েবসাইট প্রবেশ এর QR Code

ঢাকা বিআরটি এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

১৭.০৪.২০২৪

মো: সাইফুল ইসলাম
কোম্পানী সচিব
০২-৪৮৯৫৯১০২
cs.dbrtc@gmail.com

GD-625